Total No. of Printed Pages—7

**X/21/B**

**2 0 2 1**

# BENGALI

( INDIAN LANGUAGE )

**( FOR CANDIDATES WITH INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 80

*Pass Marks* : 24

**( FOR CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 100

*Pass Marks* : 30

*Time* : 3 hours

**( FOR ALL CATEGORIES OF CANDIDATES )**

*General Instructions* :

(i) The Candidates are advised to attempt all questions accordingly.

(ii) Marks allocated to every question are indicated against each.

## বিভাগ—ক

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) এই _______ দিন মেজবাবুর মেয়ের বিয়ে।

( সোমবার / মঙ্গলবার / শুক্রবার )

(খ) শ্রীযুক্ত জয়রাম মুখোপাধ্যায়ের বয়স এখন _______ পার হইয়াছে।

( পঞ্চাশৎ / ষাট / সত্তর )

(গ) _______ভারতবর্ষে এসে মেলা পয়সা কামালেন।

( বাদশা / সদাগর / রাজা )

২। *দু-একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'তোতাকাহিনী' পাঠটি কোন গ্রন্থের অন্তর্গত?

(খ) জয়রাম কার কাছে হাতী চেয়ে পাঠালেন?

(গ) সদাগর কোন দেশের লোক ছিলেন?

(ঘ) উমাচরণ লাহিড়ীর বাসস্থান কোথায়?

(ঙ) জয়রামের গাভীটির কি নাম ছিল?

৩। *দু-একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ''আবার আসিব ফিরে'' কবিতাটিতে কবি কোথায় ফিরে আসতে চেয়েছেন?

(খ) খোকা কোথায় শুয়ে আছে?

(গ) ''আবার আসিব ফিরে'' কবিতার কবি কে?

(ঘ) শূন্যস্থান পূর্ণ কর :

পিঁজারায় বস্ত্র বাঁধা 'বউ-কথা' কহে কথা

_______ শুইয়া দাবাতে।

(ঙ) 'গ্রাম্যছবি' কবিতার কবি কে?

৪। অনধিক *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) জয়রাম হাতী চেয়ে পাঠালেন কেন?

(খ) ''একই ভুল, দু-বার করলুম''—

কে, কি ভুল করেছেন?

৫। অনধিক *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'গ্রাম্যছবি' কবিতায় রাখাল বালকের দিনযাপন কেমন, লেখ।

(খ) ''আবার আসিব ফিরে'' কবিতায় কবি কোন কোন নদীর নাম উল্লেখ করেছেন?

৬। অনধিক *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'আদরিণী' কে? তার আগমনে গ্রামের কি অবস্থা হয়েছিল, বর্ণনা কর।

(খ) প্রবাসের বন্দিজীবন থেকে তোতা কিভাবে মুক্তি পেল? 'তোতাকাহিনী' পাঠ অবলম্বনে আলোচনা কর।

৭। অনধিক *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৭

(ক) 'গ্রাম্যছবি' কবিতার সারমর্ম লেখ।

(খ) ''আবার আসিব ফিরে'' কবিতাটির সারাংশ লেখ।

## বিভাগ—খ

৮। *একটি* শব্দে বা *একটি* বাক্যে যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) শ্রীনাথের বাড়ি কোথায়?

(খ) ''সাঁতার জানলে আবার ভয় কিসের!''—বক্তা কে?

(গ) শ্রীকান্তের মেজদা কবার এন্ট্রান্স ফেল করেছিলেন?

(ঘ) ''শালাকো কান পাকড়কে লাও।''—বক্তা কে?

(ঙ) ''আচ্ছা, ও জঙ্গলে এত রাত্তিরে ছোঁড়াটা কেন?''—প্রশ্নকর্তা কে?

(চ) ''তথাপি কেন যে পণ্ডিতের রাগ পড়ে নাই, এবং হেডমাস্টারের কাছে নালিশ করিয়াছিলেন।'' কার বিরুদ্ধে নালিশ করেছিলেন?

৯। অনধিক *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ইন্দ্রনাথ কলম ফেলে নৌকার দাঁড় হাতে নিয়েছিল কেন তার বর্ণনা দাও। ৮

(খ) শ্রীনাথ বহুরূপীর কাজ কি ছিল? সে কেন শ্রীকান্তদের বাড়িতে এসেছিল? তার উপস্থিতিতে যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা করো। ২+২+৪=৮

## বিভাগ—গ

১০। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে কোনো **চারটি**) : ২×৪=৮

অপিনিহিতি; অভিশ্রুতি; বর্ণ বিপর্যয়; স্বরাগম; অন্ত্যস্বরাগম; দ্বন্দ্ব সমাস; অব্যয়ীভাব সমাস।

(খ) সমাস কাকে বলে? সমাস কত প্রকার ও কি কি? ২+৩=৫

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো **তিনটি**) : ২×৩=৬

সুখদুঃখ; লাঠিখেলা; পীতাম্বর; পঞ্চনদ; মহর্ষি; উপবন; ভালোমন্দ; নরনারী।

(ঘ) সঠিক অর্থ নির্দেশ করে নীচে দেওয়া বাগ্‌ধারাগুলো দিয়ে বাক্য রচনা কর (যে কোনো **তিনটি**) : ২×৩=৬

অর্ধচন্দ্র প্রদান; আঁতে ঘা; চোখের বালি; গোবর গণেশ; অন্ধের যষ্টি; উলুবনে মুক্তো ছড়ানো; সাপে-নেউলে।

(ঙ) বাক্য সংকোচন কর (যে কোনো **পাঁচটি**) : ১×৫=৫

কর দেয় যে; ভোজনের ইচ্ছা; যাহা বিরাজ করিতেছে; যে ঘুমাইতেছে; মধু পান করে যে; গৃহে থাকে যে; হাতীর চিৎকার; কণ্ঠ পর্যন্ত; শক্তির উপাসক; নিশাকালে চরে যে।

## বিভাগ—ঘ

১১। নিম্নলিখিত যে কোনো **একটি** বিষয় অবলম্বনে একটি প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) তোমার প্রিয় লেখক।

(খ) মেঘালয়ের প্রাকৃতিক সৌন্দর্য।

(গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার।

(ঘ) কোভিড-১৯ অতিমারী।

*অথবা*

নীচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বর্ণনা দাও *অথবা* ছবিটি তোমার মনে যে ভাব ফুটিয়ে তুলেছে তা স্পষ্ট করে লেখ : ১০



*অথবা*

নিম্নলিখিত সংকেত সূত্রগুলো অবলম্বন করে একটি গল্প রচনা কর **( কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য )** : ১০

নিদ্রিত সিংহের নাকে এক ইঁদুরের প্রবেশ—নিদ্রাভঙ্গ—সিংহ তখন ইঁদুরকে মারতে গেল—অনেক অনুনয়ের পর সিংহ তাকে ছেড়ে দেয়—পরে সিংহ একদিন জালে পড়ে—ইঁদুর জাল কেটে তাকে রক্ষা করে।

## বিভাগ—ঙ

## ( For Candidates without Internal Assessment )

১২। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

(ক) ''বিক্রি করবে, কিন্তু বিস্তর দাম চায়''—কে, কি বিক্রি করবে এবং কত দাম চেয়েছে?

(খ) ''তার মুক্তির উপায় বলে দিতে পারো?''—

কে, কাকে এবং কার মুক্তির জন্য প্রশ্ন করেছেন?

(গ) 'নবান্ন' উৎসব কি?

(ঘ) গ্রাম্য বধূর দিনযাপন কেমন?

(ঙ) ইন্দ্রনাথ কে?

(চ) ''আচ্ছা, ওর মা কি বারণ করে না?''—প্রশ্নকর্তা কে? কার মায়ের কথা বলেছেন?

১৩। অনধিক *বারোটি* বাক্যে যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৬×২=১২

(ক) মেজবাবুর মেয়ের বিয়েতে যাওয়ার জন্য জয়রাম কি উপায় করলেন এবং কেন? ৬

(খ) 'তোতাকাহিনী' গল্পের নামকরণের সার্থকতা সংক্ষেপে আলোচনা কর। ৬

(গ) ''চল, তোকে ফিরে রেখে আসি—কাপুরুষ।''—কে, কাকে উদ্দেশ্য করে এরূপ উক্তি করেছে? এর কারণ বিশ্লেষণ কর। ১+১+৪=৬

(ঘ) জয়রাম কিভাবে সাংসারিক অচলাবস্থায় পড়লেন ও কিভাবে তা থেকে পরিত্রাণের উপায় করলেন, বর্ণনা কর। ৩+৩=৬

★ ★ ★